

## \* ॥ স্বাধীনতা দিবসে আমাদের কর্মসূচি ॥ \*

প্রতি বছরের মতো এবারেও আগামী রবিবার ১৫ই আগস্ট ২০২১ আমরা পরিবেশ আকাদেমি, চন্দননগর, সবুজের অভিযান, বড়বাজার এবং সকল সহযোগী সংগঠনের পক্ষ থেকে জাতির জনক মহাত্মা গান্ধী, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, বিপ্লবী রাসবিহারী বসু, শহীদ কানাইলাল দত্ত, শহীদ মাখনলাল ঘোষাল, বিপ্লবী চারুচন্দ্র রায় এবং বিপ্লবী কালীচরণ ঘোষের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করার কর্মসূচি গ্রহণ করেছি ।

আমাদের কর্মসূচি শুরু হবে সকাল ঠিক ৯-১৫ মিনিটে সবুজের অভিযান, বড়বাজার এর মাঠে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে । এরপর আমরা সংঘবদ্ধভাবে উক্ত মনীষীদের মূর্তিতে মাল্যদান করবো । মাল্যদান পর্ব শেষে আমাদের সবুজের অভিযানের মাঠ থেকে স্ট্র্যান্ড ওয়াকার্স

অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বিশেষ চাহিদা সম্পন্ন ৫০ জন ব্যক্তিকে বস্ত্র প্রদান করা হবে ।

যে সকল সহযোগী বন্ধু এবং সহযোগী সংস্থার প্রতিনিধিরা এই কর্মসূচিতে অংশ নিতে আগ্রহী, তাঁরা ওইদিন সকাল ৯-১৫ র মধ্যে সবুজের অভিযান প্রাঙ্গণে উপস্থিত হবেন । এই সমগ্র কর্মসূচি সকল রকম করোনা বিধি মেনেই সম্পন্ন করা হবে ।

বিনীত,

বিশ্বজিৎ মুখোপাধ্যায়

সভাপতি, পরিবেশ আকাদেমি, চন্দননগর

বিশ্বনাথ চক্রবর্তী

সভাপতি, সবুজের অভিযান, বড়বাজার, চন্দননগর

চন্দননগর, ১১ আগস্ট ২০২১